শেফিল্ড পরামর্শ পত্রে জরুরি সেবা প্রদানের সাথে জড়িত কাজকর্ম আরও উন্নত করা

আপনি শেফিল্ডের অধিবাসী বা পরিব্রাজক যেই হোন না কেন এটা জানা গুরুত্বপূর্ণ যে যখন আপনার দ্রুত স্বাস্থ্যসেবা প্রয়োজন হবে তখন কোথায় যেতে হবে।

যখন আমরা 'জরুরি সেবার' কথা বলে থাকি, আমরা একটি হঠাৎ স্বাস্থ্য সমস্যার চিকিৎসাকে বুঝিয়ে থাকি যাতে একজন স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে ২৪ ঘন্টার মধ্যে একটি অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন হয় তবে তা জীবনের জন্য হুমকীস্বরুপ নয়। এতে রয়েছে সামান্য আঘাত ও অসুস্থতা এবং জরুরি চক্ষু সেবা সহ শারীরিক ও মানসিক স্বাস্থ্য সমস্যায় জরুরি সেবা।

এই পরামর্শটি কী বিষয়ে?

এনএইচএস শেফিল্ড ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ (CCG) চায় মানুষের প্রয়োজনীয় সেবা পাওয়ার ব্যবস্থাকে সহজতর করার জন্য কিছু পরিবর্তন আনতে এবং ২৪ ঘন্টার মধ্যে যাদের জরুরি অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন হয় তাদেরকে নিশ্চয়তা দিতে। তা করার জন্য, আমরা একটি গণ পরামর্শ পরিচালনা করছি।

এই পরামর্শটি পরিষেবা কমানো বা কর্তন করা সম্পর্কে নয়; এটি হলো একটি ভিন্ন পন্থায় জরুরি সেবা প্রদান করা যা পুরো শহরের মানুষের জরুরি সেবা পাওয়ার পথকে সুগম করবে।

এই পরামর্শের অংশ হিসেবে জরুরি বা পরিকল্পিত সেবায় কোনো পরিবর্তন নাই।

আমাদের কেন পরিবর্তন করা দরকার?

গত দুই বছর ধরে, আমরা শহরের মানুষদেরকে জরুরি সেবার কথা বলে আসছি। সেবা গ্রহণকারীদের প্রতিক্রিয়া থেকে দেখা যায় যে তাদের কাছে বর্তমান ব্যবস্থাকে ব্যাপকভাবে বিভ্রান্তিকর এবং দ্রুত সেবা গ্রহণ কঠিন বলে মনে হয়।

- মানুষের যে সেবা প্রয়োজন হয় তা পাওয়ার জন্য কোথায় যেতে হবে সে ব্যাপারে তারা সবসময় নিশ্চিত থাকে না এবং কেউ কেউ বিভিন্ন সেবার কথা শুনতে শুনতে চিকিৎসায় বিলম্ব করে বসে।
- জিপি প্র্যাকটিসগুলোতে জরুরি সেবা গ্রহণ শহরের বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম এবং কিছু কিছু এলাকায় দ্রুত অ্যাপয়েন্টমেন্ট পাওয়া কঠিন। এটা ঠিক নয় এবং এতে বাকি ব্যবস্থার উপর একটি প্রত্যক্ষ প্রভাব পড়ে।
- লোকজন আমাদের বলেছেন যে তারা মাঝেমাঝে A&E বা অন্যান্য পরিষেবার উপর নির্ভর করেন কারণ তারা যথাসম্ভব দ্রুত একটি GP অ্যাপয়েন্টমেন্ট পান না।
- জরুরি GP অ্যাপয়েন্টমেন্টের চাহিদা দিন দিন বাড়ছে। এই মুহূর্তে, GP প্র্যাকটিসগুলো পরিকল্পিত অ্যাপয়েন্টমেন্টের পাশাপাশি এর সাথে মানিয়ে নিতে লড়ে যাচ্ছে।
- আমরা জানি যে ৪ জনের মধ্যে ১ জন যিনি A&E-তে যান তিনি অন্য কোথাও থেকে তুলনামূলক ভালো চিকিৎসা পান। যদি আমরা GP পরিষেবা গ্রহণের সুবিধা বৃদ্ধি করতে পারি, তবে তা A&E এর কিছু চাপ প্রশমনে সক্ষম হবে।
- শেফিল্ডে এই মুহূর্তে, আমাদের অনেক বেশি পরিষেবা রয়েছে যেগুলোতে একই ধরনের চিকিৎসা দেওয়া হয়, প্রায় ক্ষেত্রে একই সময়ে। এতে NHS এবং রোগী উভয়ের সময় ও অর্থের অপচয় হয়।
- দেশীয় কর্মী ঘাটতির অর্থ হলো আমরা অবিরাম ডাক্তার ও নার্স সরবরাহ করতে পারি না। কর্মীদের

সহায়তা ও মানুষের প্রয়োজনীয় সেবা নিশ্চিত করার জন্য আমাদের কাজের ভিন্ন পন্থা খোঁজা দরকার।

NHS নির্দেশিকাও পরিবর্তন হচ্ছে

জাতীয় নির্দেশনা আমরা শেফিল্ড সহ সারা দেশে যেরূপ জরুরি সেবা প্রদান করে থাকি তা পরিবর্তনের প্রয়োজনীয়তাকে জোরদার করে। এতে অন্তর্ভুক্ত রয়েছে জরুরি চিকিৎসা কেন্দ্র চালু করার সাম্প্রতিক আবশ্যকতাসমূহ এবং GP প্র্যাকটিসগুলো তাদের স্থানীয় কমিউনিটির চাহিদা মেটাতে সাহায্য করার জন্য একত্রিত হয়ে কাজ করার প্রস্তাবনাসমূহ।

একটি জরুরি চিকিৎসা কেন্দ্র কী?

এটি একটি সম্পূর্ণ নতুন সেবা যাতে শেফিল্ডে আমাদের নিম্নোক্ত জাতীয় নির্দেশনার প্রবর্তন করতে হবে এবং তা রোগী ও ডাক্তারদের সমানভাবে সুবিবেচ্য হবে:

- GPs দ্বারা পরিচালিত যারা বেশ কিছু প্রাথমিক স্বাস্থ্য সেবা পেশাদারদের তত্ত্বাবধান করেন
- মূলত A&E বিভাগের নিকটে অবস্থিত যাতে প্রয়োজনে রোগীদের দ্রুত স্থানান্তর করা যায়।
- মাথায় হালকা আঘাতসহ হালকা অসুস্থতা ও আঘাতের চিকিৎসা করে
- সহজ রোগ নির্ণায়ক পরীক্ষা যেমন এক্স-রে, রক্ত পরীক্ষা, ইসিজি, জরুরি গর্ভনিরোধ এবং মানসিক স্বাস্থ্য সেবা/পরামর্শ সরাসরি প্রদান করা হয়
- বছরে ৩৬৫ দিন খোলা থাকে
- নির্ধারিত এবং সরাসরি উভয় ধরনের অ্যাপয়েন্টমেন্ট প্রদান করে

ওয়াক-ইন সেন্টার এবং হালকা আঘাতের চিকিৎসা কেন্দ্র থাকা সত্ত্বেও জরুরি চিকিৎসা কেন্দ্র কেন?

- কম বিভ্রান্তিকর কারণ এগুলো হালকা অসুস্থতা ও হালকা
- আঘাত উভয়ের চিকিৎসা এক জায়গায় প্রদান করে।
- এগুলোকে হাসপাতাল পরিষেবার নিকটে স্থাপনের অর্থ হলো জরুরি সেবার জন্য A&E-তে যাওয়া লোকজনকে সহজেই তাদের প্রয়োজন অনুসারে সঠিক সেবার জন্য আনা নেয়া করা যাবে।
- জরুরি চিকিৎসা কেন্দ্রগুলো GPs দ্বারা পরিচালিত হয় এর অর্থ হলো কর্মীরা আপনার রোগীর সেবা সংক্রান্ত কাগজপত্র দেখতে ও ব্যবহার করতে সক্ষম হবেন। ওয়াক-ইন সেন্টার ও হালকা আঘাতের চিকিৎসা কেন্দ্রগুলো তা করতে পারে না।
- আপনি একটি নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট পেতে পারেন, এর অর্থ আপনাকে না চাওয়া সত্ত্বেও এসে অপেক্ষা করতে হবে না।
- জরুরি চিকিৎসা কেন্দ্র সরবরাহ করা একটি জাতীয় প্রয়োজনীয়তা

সবগুলো বিকল্পের মধ্য থেকে আপনি সবসময় প্রথমেই সঠিক জায়গার সন্ধান পাবেন যদি আপনি আপনার GP বা NHS এ ১১১ নম্বরে যোগাযোগ করেন।

আমরা ঠিক কী পরিবর্তন করতে চাই?

CCG প্রস্তাব করছেন:

মানুষ যেভাবে জরুরি GP অ্যাপয়েন্টমেন্ট পেয়ে থাকেন তা পরিবর্তন করতে

- GP প্র্যাকটিসগুলো ২৪ ঘন্টার মধ্যে জরুরি অ্যাপয়েন্টমেন্ট দিতে একত্রে কাজ করবে।
- মানুষের তাদের নিজস্ব GP দেখানোর প্রয়োজন হবে নাকি তাদের স্থানীয় এলাকার একটি ভিন্ন GP প্র্যাকটিসে দেখানো যাবে সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে তাদেরকে মূল্যায়ন করা হয়।

মানুষ হালকা অসুস্থতা এবং আঘাতের জন্য কোথায় যেতে হবে

- বর্তমানে, সিটি সেন্টারে একটি ওয়াক-ইন সেন্টার রয়েছে যেটি হালকা অসুস্থ বয়স্ক ও শিশুদের চিকিৎসা দিয়ে থাকে এবং রয়্যাল হলমশায়ার হাসপাতালে (Royal Hallamshire Hospital) একটি হালকা আঘাতের চিকিৎসা কেন্দ্র আছে যেটি বয়স্কদের হালকা আঘাতের চিকিৎসা দিয়ে থাকে।
- হালকা আঘাতপ্রাপ্ত শিশুদেরকে শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের (Sheffield Children's Hospital) জরুরি বিভাগে দেখা হয়।
- আমাদের পছন্দনীয় বিকল্পের মধ্যে, বয়স্কদের হালকা অসুস্থতা এবং হালকা আঘাতের চিকিৎসার জন্য ওয়াক-ইন সেন্টার ও হালকা আঘাতের চিকিৎসা কেন্দ্রকে নর্দান জেনারেল হাসপাতালের (Northern General Hospital) একটি জরুরি চিকিৎসা কেন্দ্রে এবং শিশুদের হালকা অসুস্থতার জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের একটি জরুরি চিকিৎসা কেন্দ্রে প্রতিস্থাপন করা যাবে। হালকা আঘাতপ্রাপ্ত শিশুরা শেফিল্ড হাসপাতালের জরুরি বিভাগে চিকিৎসা নেওয়া অব্যাহত রাখবে।
- উভয় জরুরি চিকিৎসা কেন্দ্র নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট এবং ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্ট প্রদান করবে।

লোকজন জরুরি চক্ষু সেবার জন্য কোথায় যাবে সে বিষয়ে পরিবর্তন আনতে

- বর্তমানে যেসকল বয়স্কদের জরুরি বা আকস্মিক চক্ষু সেবা দরকার তাদেরকে রয়্যাল হলমশায়ার হাসপাতালের এমার্জেন্সি আই ক্লিনিকে দেখা হয়।
- ভবিষ্যতে, মানুষের নিজস্ব আবাসস্থলের আশেপাশে সেবা গ্রহণের সুযোগ প্রদানের মাধ্যমে সম্প্রসারিত খোলার সময়সূচি সহ সারা শহরের বিভিন্ন অবস্থানে জরুরি অ্যাপয়েন্টমেন্ট প্রদান করা হবে।
- হলমশায়ারে জরুরি চক্ষু সেবা (দৃষ্টির জন্য হুমকীস্বরূপ অবস্থা) প্রদান অব্যাহত রাখা হবে।

মানুষের সেবা গ্রহণের পদ্ধতির উন্নয়ন করতে

- লোকজনকে একটি উন্নত ব্যবস্থার মাধ্যমে সহায়তা দেওয়া হবে যেখানে আপনি আপনার প্র্যাকটিস বা ১১১ এ যোগাযোগ করতে পারবেন এবং ফোনের মাধ্যমে আপনাকে মূল্যায়ন করা যাবে।
- তারপর আপনার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করা হবে বা আপনার যেখানে সেবা দরকার সেখানে নির্দেশ করা হবে।

বিকল্পসমূহ

বয়স্ক ও শিশুদের জন্য জরুরি চিকিৎসা কেন্দ্রগুলো কীভাবে কাজ করবে তার বিকল্প রয়েছে:

বিকল্প ১

বয়স্কদের জন্য - হালকা অসুস্থতা ও হালকা আঘাত উভয়ের চিকিৎসা করা হবে নর্দার্ন জেনারেল হাসপাতালের জরুরি চিকিৎসা কেন্দ্রে

শিশুদের জন্য - হালকা অসুস্থতার জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের জরুরি চিকিৎসা কেন্দ্রে দেখা হবে হালকা আঘাতের জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের জরুরি বিভাগে দেখা হবে

বিকল্প ২

বয়স্কদের জন্য - হালকা অসুস্থতা ও হালকা আঘাত উভয়ের চিকিৎসা করা হবে নর্দান জেনারেল হাসপাতালের জরুরি চিকিৎসা কেন্দ্রে

শিশুদের জন্য - হালকা অসুস্থতার জন্য নর্দান জেনারেল হাসপাতালের জরুরি চিকিৎসা কেন্দ্রে দেখা হবে

বিকল্প ৩

বয়স্কদের জন্য - হালকা অসুস্থতার জন্য নর্দার্ন জেনারেল হাসপাতালের জরুরি চিকিৎসা কেন্দ্রে দেখা হবে হালকা আঘাতের জন্য নর্দার্ন জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে দেখা হবে,

শিশুদের জন্য - হালকা অসুস্থতার জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের জরুরি চিকিৎসা কেন্দ্রে দেখা হবে হালকা আঘাতের জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের জরুরি বিভাগে দেখা হবে

এই তিনটি বিকল্পের মধ্যে জরুরি সেবার জন্য CCG মনে করে যে বিকল্প ১ সেরা কারণ এটি তিনটির মধ্যে সবচেয়ে সরল।

এই তিনটি বিকল্পে এটি বোঝাবে যে:

- মানুষ ২৪ ঘন্টার মধ্যে জরুরি অ্যাপয়েন্টমেন্ট পাবেন কারণ GP প্র্যাকটিসগুলো এই ধরনের অ্যাপয়েন্টমেন্ট পরিচালনা করার জন্য একত্রে কাজ করবে।
- GP প্র্যাকটিসগুলো সবসময় যেসকল রোগীর সেবা প্রয়োজন তাদেরকে অধিকতর ভালো সেবা দেবে (প্রয়োজনে দীর্ঘতর অ্যাপয়েন্টমেন্ট সহ)
- উপযুক্ত স্বাস্থ্যসেবা পেশাদারদের দ্বারা রোগীদের চিকিৎসা দেয়া হয় – যদি কেউ একটি হালকা আঘাত বা অসুস্থতা নিয়ে A&E-তে আসেন, উপযুক্ত পেশাদার সাহায্য করার জন্য নিকটেই থাকবেন।
- শেফিল্ড করদাতাদের জন্য অর্থের ভালো মূল্য থাকবে যেহেতু আমাদের NHS এর ওয়াক-ইন সেন্টার বা হালকা আঘাতের চিকিৎসা কেন্দ্রের আর প্রয়োজন নেই কারণ GP পরিষেবা ভালোভাবে পাওয়া যাবে – এবং যদি আপনি সত্যিই বসতে ও অপেক্ষা করতে চান, আপনি জরুরি চিকিৎসা কেন্দ্রে তা করতে পারবেন।

ভবিষ্যতে ব্যাপারগুলো দেখতে কেমন হবে?

GP সুবিধা

বর্তমানে…

- অধিকাংশ মানুষ একটি জরুরি অ্যাপয়েন্টমেন্টের জন্য GP প্র্যাকটিসকে কল করে।
- শহরের চারটি স্থানে সন্ধ্যায় ও সপ্তাহান্তে অতিরিক্ত GP অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যায়।

- নর্দান জেনারেল হাসপাতালে সন্ধ্যায় ও সপ্তাহান্তে একটি কর্মঘন্টার বাইরে GP সেন্টার আছে। শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে পাওয়া যায়।
- ওয়াক-ইন সেন্টার ব্যবহারের সুযোগও আছে।

ভবিষ্যতে...

- প্রত্যেককে দেয়া পরামর্শ প্রথমে আপনার GP প্র্যাকটিস বা NHS-কে ১১১ এ কল করে পাওয়া যাবে।
- আপনার যদি চলমান স্বাস্থ্য সমস্যা থেকে থাকে এবং অবিরাম সেবার প্রয়োজন হয়, তবে আপনাকে আপনার GP প্র্যাকটিসে দেখা যাবে।
- যদি আপনার অবিরাম সেবার প্রয়োজন না হয়, তবে আপনার আপনার এলাকার একটি GP প্র্যাকটিসে দেখা হবে (তবে তা আপনার নিজস্ব GP প্র্যাকটিস নাও হতে পারে। আপনাকে একজন GP বা অন্যান্য স্বাস্থ্য সেবা পেশাদার দেখবেন)।

হালকা অসুস্থতা ও আঘাত

বর্তমানে...

- সিটি সেন্টারে অবস্থিত ওয়াক-ইন সেন্টার সকাল ৮ টা থেকে রাত ১০ টা পর্যন্ত বছরে ৩৬৫ দিন খোলা থাকে। তারা হালকা অসুস্থতার চিকিৎসা দিয়ে থাকে।
- রয়্যাল হলমশায়ার হাসপাতালে অবস্থিত হালকা আঘাতের চিকিৎসা কেন্দ্র সকাল ৮ টা থেকে রাত ৮ টা পর্যন্ত বছরে ৩৬৫ দিন খোলা থাকে। তারা বয়স্কদের হালকা আঘাতের চিকিৎসা দিয়ে থাকে।
- যখন মানুষ নিশ্চিত না থাকে, তারা মাঝেমাঝে A&E-তে যাওয়া পছন্দ করে।

ভবিষ্যতে...

- ওয়াক-ইন সেন্টার এবং হালকা আঘাতের চিকিৎসা কেন্দ্র জাতীয় নীতিমালায় জরুরি চিকিৎসা কেন্দ্র দ্বারা প্রতিস্থাপিত হয়।
- পরামর্শের বিকল্প ১ এর অধীনে, বয়স্কদের জন্য নর্দান জেনারেল হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র এবং শিশুদের জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র থাকবে। উভয় জরুরি চিকিৎসা কেন্দ্র হালকা অসুস্থতা ও হালকা আঘাতের চিকিৎসা দিয়ে থাকবে।
- বিকল্প ২ এর অধীনে নর্দান জেনারেল হাসপাতালে হালকা অসুস্থ ও হালকা আঘাতপ্রাপ্ত বয়স্ক ও হালকা অসুস্থ শিশুদের জন্য একটি একক জরুরি চিকিৎসা কেন্দ্র থাকবে। হালকা আঘাতপ্রাপ্ত শিশুরা শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের জরুরি বিভাগে চিকিৎসা নেওয়া অব্যাহত রাখবে।
- বিকল্প ৩ এর অধীনে, হালকা অসুস্থ বয়স্কদের জন্য নর্দান জেনারেল হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র এবং হালকা অসুস্থ ও আঘাতপ্রাপ্ত শিশুদের জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র থাকবে। হালকা আঘাতপ্রাপ্ত বয়স্কদের A&E-তে দেখা হবে।

জরুরি চক্ষু সেবা

বর্তমানে...

- রয়্যাল হলমশায়ার হাসপাতালের এমার্জেন্সি আই ক্লিনিক ড্রপ-ইন সার্ভিস হিসেবে সপ্তাহের খোলার দিন খোলা থাকে
- যেসকল শিশুদের জরুরি চক্ষু চিকিৎসার দরকার হয় তাদেরকে শেফিল্ড চিলড্রেনস হাসপাতালে দেখা হয়।

ভবিষ্যতে…

- কমিউনিটির কয়েকটি স্থানে জরুরি চক্ষু অ্যাপয়েন্টমেন্ট থাকবে। হঠাৎ জরুরি প্রয়োজন হওয়া রোগীদের রয়্যাল হলমশায়ার হাসপাতালে দেখা হবে।
- যেসকল শিশুদের জরুরি চক্ষু চিকিৎসার দরকার হয় তাদেরকে তখনো শেফিল্ড চিলড্রেনস হাসপাতালে দেখা হবে।

এই প্রস্তাবনাসমূহের অংশ হিসেবে জরুরি বা পরিকল্পিত সেবায় কোনো পরিবর্তন নেই

আপনার কথা থাকলে

এই প্রস্তাবিত পরিবর্তনসমূহ সম্পর্কে আপনি কী ভাবছেন তা আমাদের বলার জন্য আপনি ১৮ ডিসেম্বর পর্যন্ত সময় পাচ্ছেন। শেফিল্ডের জন্য কোনটি সবচেয়ে ভালো হবে যে সম্পর্কে আমরা আপনাকে নতুন বছরে জানাবো সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। আমরা প্রত্যাশা করি ২০২০ সালের এপ্রিল থেকে এই পরিকল্পিত পরিবর্তনসমূহ কার্যকর হোক।

আমাদের সাথে যোগাযোগের অনেকগুলো উপায় আছে:

- অনলাইনে www.sheffieldccg.nhs.uk এই ঠিকানা থেকে প্রতিক্রিয়া ফরমটি পূরণ করুন
- সংযুক্ত প্রতিক্রিয়া ফরমটি পূরণ করে নিম্নোক্ত ঠিকানায় পাঠিয়ে দিন (বড় হাতের ইংরেজি অক্ষরে): FREEPOST NHS SHEFFIELD CCG আপনার খামের কোনো স্ট্যাম্প লাগানোর প্রয়োজন নেই।
- আমাদের যেকোনো একটি পরামর্শ ইভেন্টে আসুন।

আপনি আমাদের ওয়েবসাইটে, শহরের GP প্র্যাকটিসগুলোতে এবং অন্যান্য স্বাস্থ্য ও কমিউনিটি অকুস্থলে পরিবর্তনসমূহ সম্পর্কে তথ্য পাবেন।

আমাদের পরামর্শ ইভেন্ট রয়েছে

- বৃহস্পতিবার ২৩ নভেম্বর, সন্ধ্যা ৬-৮ টায়, দ্য সার্কেল, শেফিল্ড সিটি সেন্টার
- বুধবার ৬ ডিসেম্বর দুপুর ১.৩০-৩.৩০ টায়, কেয়াররাস সেন্টার, শেফিল্ড সিটি সেন্টার

ছোট বা বড় যাই হোক আপনার রি পরামর্শ সম্পর্কে আর কোনো প্রশ্ন থাকলে:

আমাদের ইমেইল করুন: sheccg.engagementactivity@nhs.net
FAQ দেখুন: www.sheffieldccg.nhs.uk টুইটার: @NHSSheffieldCCG
ফেসবুক: www.facebook.com/NHSSheffieldCCG
আমাদেরকে লিখুন: NHS Sheffield CCG, 722 Prince of Wales Road, Sheffield S9 4EU কল: ০১১৪ ৩০৫ ৪৬০৯

অনুগ্রহ করে আপনার প্রতিক্রিয়া ব্যক্ত করুন

আমরা জানতে চাই শেফিল্ডে জরুরি পরিচর্যা সেবা থেকে আপনার কী প্রয়োজন হবে; আপনি আমাদের প্রস্তাবিত বিকল্প সম্পর্কে কী ভাবেন এবং শহর জুড়ে পরিষেবাগুলোর সম্ভাব্য পরিবর্তনসমূহ সম্পর্কে আপনি কেমন বোধ করছেন। প্রতিক্রিয়া ফরমটি পূরণ করে ছিঁড়ে বিনামূল্যে আমাদেরকে পাঠিয়ে দিন। খামের উপর শুধুমাত্র লিখুন (ইংরেজি বড় হাতের অক্ষরে) FREEPOST NHS SHEFFIELD CCG। কোনো স্ট্যাম্পের প্রয়োজন নেই।

১. আপনি কি মনে করেন এই পরিবর্তনগুলো আপনার জরুরি সেবা প্রয়োজন হলে আপনি কোথায় যাবেন তা জানাটা সহজ করে দিয়েছে?					
হ্যাঁ		না		নিশ্চিত নই	

২. আপনি কি মনে করেন যে স্থানীয় কমিউনিটিতে অধিক জরুরি সেবা প্রদান আপনার জরুরি সেবা প্রয়োজন হলে তা পাওয়াকে সহজ করে দেবে?					
হ্যাঁ		না		নিশ্চিত নই	

৩. আপনি কি আপনার স্থানীয় এলাকায় আরেকটি প্র্যাকটিসে আপনার অ্যাপয়েন্টমেন্ট পেয়ে খুশি হবেন যদি এর অর্থ হয় যে আপনাকে আরো দ্রুত দেখা হবে?					
হ্যাঁ		না		নিশ্চিত নই	

আপনার যদি একটি জরুরি GP অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন হয় এবং এটি একটি দীর্ঘদিনের স্বাস্থ্য সমস্যার সাথে সম্পর্কিত না হয়, আপনাকে নিম্নোক্ত কোন স্থানে দেখা হবে:	
	আমার স্থানীয় এলাকার GP প্র্যাকটিস
	নর্দান জেনারেল হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র (বয়স্কদের জন্য) বা শেফিল্ড চিলড্রেনস হাসপাতাল (শিশুদের জন্য)
	যে কোনটি

৪. আপনার যদি একটি জরুরি অ্যাপয়েন্টমেন্ট প্রয়োজন হয় আপনি কি দিনের বেলা বা সন্ধ্যায় দেখাতে চাওয়াটা অধিক সুবিধাজনক মনে করবেন?					
দিনের বেলা		সন্ধ্যা		যে কোনটি	

৫. কোথায় জরুরি সেবা প্রদান করা হবে সে সম্পর্কে তিনটি বিকল্পের কোনটি আপনার পছন্দের?	
	বিকল্প ১ – বয়স্কদের জন্য নর্দান জেনারেল হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র এবং শিশুদের জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র।
	বিকল্প ২ – নর্দান জেনারেল হাসপাতালে হালকা অসুস্থ বয়স্ক ও শিশুদের জন্য একটি একক জরুরি চিকিৎসা কেন্দ্র এবং হালকা আঘাতপ্রাপ্ত শিশুদেরকে শেফিল্ড চিলড্রেনস হাসপাতালের জরুরি বিভাগে চিকিৎসা প্রদান অব্যাহত রাখা হবে।
	বিকল্প ৩ – হালকা অসুস্থ বয়স্কদের জন্য নর্দান জেনারেল হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র

	এবং শিশুদের জন্য শেফিল্ড চিলড্রেনস হাসপাতালে একটি জরুরি চিকিৎসা কেন্দ্র। নর্দান জেনারেল হাসপাতালের A&E-তে বয়স্কদের হালকা আঘাতের চিকিৎসাও করা হবে।

৬. এই প্রস্তাবনায় কি এমন কিছু আছে যেটির আপনার উপর অধিক ইতিবাচক বা নেতিবাচক প্রভাব আছে এবং থাকলে তা কেন?

৭. প্রস্তাবিত পরিবর্তনগুলো সম্পর্কে আপনার কি আর কোনো মন্তব্য, উদ্বেগ বা ধারণা আছে?

সমতা নিরীক্ষণ - ঐচ্ছিক
আমরা আমাদের সকল কমিউনিটিকে সেরা পরিষেবা প্রদান করছি তা নিশ্চিত করার জন্য এবং আমরা আমাদের কমিউনিটির কোনো অংশে জ্ঞাতসারে বৈষম্য করছি না তা নিশ্চিত করতে নিম্নোক্ত তথ্যাবলি পাওয়া আমাদের জন্য গুরুত্বপূর্ণ। পরিসংখ্যানগত তথ্য প্রতিবেদন করার সময় কোনো ব্যক্তিগত তথ্য প্রকাশ করা হবে না এবং তথ্য সুরক্ষা আইন অনুসারে সকল তথ্য সুরক্ষিত ও নিরাপদে রাখা হবে। এই তথ্য গোপন রাখা হবে এবং আপনাকে সবগুলো প্রশ্নের উত্তর প্রদান করতে হবে না, তবে আপনি উত্তর প্রদান করলে আমরা আপনার প্রতি বেশ কৃতজ্ঞ থাকবো।

অনুগ্রহ করে আপনার পোস্টকোডের প্রথম অংশ আমাদের বলুন (e.g. S৯, S৩৫)		
অনুগ্রহ করে এখানে লিখুন	বলতে চাই না	

আপনার লিঙ্গ কী?					
মহিলা		পুরুষ		বলতে চাই না	

হিজড়া					
জন্মকালীন আপনি যে লিঙ্গের বলে মনে করা হয়েছিল আপনার লিঙ্গ পরিচয় কি তার চেয়ে ভিন্ন?					
হ্যাঁ		না		বলতে চাই না	

আপনার বয়স কত?

	বছর	বলতে চাই না	

আপনার যৌন অভিযোজন কী?

উভকামী (উভয় লিঙ্গ)		সমকামী নারী (সম লিঙ্গ)		সমকামী পুরুষ (সম লিঙ্গ)		বিষমকামী স্ট্রেইট (বিপরীত লিঙ্গ)	
অন্যান্য :	অনুগ্রহ করে সুনির্দিষ্ট করে লিখুন			বলতে চাই না			

আপনার জাতিগত প্রেক্ষাপট কী?

এশিয় বা এশিয় ব্রিটিশ		**কৃষ্ণাঙ্গ বা কৃষ্ণাঙ্গ ব্রিটিশ**		**মিশ্র / একাধিক জাতি গোত্র**		**শ্বেতাঙ্গ**		**অন্যান্য**	
চীনা		আফ্রিকান		এশিয়ান ও শ্বেতাঙ্গ		ব্রিটিশ		আরব	
ভারতীয়		ক্যারিবীয়		কৃষ্ণাঙ্গ আফ্রিকান ও শ্বেতাঙ্গ		জিপসি/পরিব্রাজক			
পাকিস্তানি				কৃষ্ণাঙ্গ ক্যারিবীয় ও শ্বেতাঙ্গ		আইরিশ			
অন্যান্য এশিয় প্রেক্ষাপটের		অন্যান্য কৃষ্ণাঙ্গ প্রেক্ষাপটের		অন্যান্য মিশ্র / একাধিক জাতি প্রেক্ষাপটের		অন্যান্য শ্বেতাঙ্গা প্রেক্ষাপটের			
বলতে চাই না		অন্যান্য:	অনুগ্রহ অন্য কোনো জাতি গোত্র হলে এখানে সুনির্দিষ্ট করে লিখুন						

আপনি কি আপনাকে কোনো ধর্মীয় গোষ্ঠীর মনে করেন?

বৌদ্ধ		খ্রিস্টান		হিন্দু	
ইসলাম		ইহুদী		শিখ	
ধর্ম নেই		বলতে চাই না		অন্যান্য :	অনুগ্রহ করে সুনির্দিষ্ট করে লিখুন

আপনি কি আপনাকে প্রতিবন্ধী মনে করেন?

সমতা আইন ২০১০ বর্ণনা করে যে একজন ব্যক্তি প্রতিবন্ধী হবেন যদি: ‘একজন ব্যক্তির শারীরিক বা মানসিক প্রতিবন্ধকতা থাকে এবং তাদের দৈনন্দিন স্বাভাবিক কার্যকলাপ চালিয়ে নেওয়ার ক্ষেত্রে উক্ত প্রতিবন্ধকতার বাস্তব ও দীর্ঘমেয়াদী প্রতিকূল প্রভাব থাকে’

হ্যাঁ		না		বলতে চাই না	

হ্যাঁ হলে, আপনি কোন ধরনের প্রতিবন্ধী? (প্রযোজ্য সবকয়টিতে টিক চিহ্ন দিন)

শিখন প্রতিবন্ধীতা/সমস্যা		দীর্ঘ মেয়াদী অসুস্থতা বা স্বাস্থ্য অবস্থা		মানসিক স্বাস্থ্য অবস্থা	
শারীরিক বা চলার ক্ষেত্রে সমস্যা		শ্রবণ		দৃষ্টি	
বলতে চাই না		অন্যান্য:	অনুগ্রহ করে সুনির্দিষ্ট করে লিখুন		

আপনি কি কাউকে সেবা প্রদান করেন?					
যেমন পরিবার, বন্ধু-বান্ধব, প্রতিবেধি বা অন্যান্য ব্যক্তি যারা অসুস্থ, প্রতিবন্ধী বা যাদের বয়স্ক হওয়ার জন্য সহায়তার প্রয়োজন হয়।					
হ্যাঁ		না		বলতে চাই না	

আপনি এই পরামর্শের কথা কোথায় শুনেছেন?					
স্থানীয় সংবাদপত্রে		টুাইটার/ফেসবুকে		প্রকাশ্য স্থানে লিফলেটে	
ওয়েবসাইটে		জনসভায়		মুখের কথায়	
ইমেইলে		অন্যান্য:	অনুগ্রহ করে সুনির্দিষ্ট করে লিখুন		

এই ফরমটি পূরণ করতে সময় দেয়ার জন্য আপনাকে ধন্যবাদ।